

26 APR 2003

শিক্ষা ক্যাডার থেকে প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের
প্রত্যাহারের দাবীতে আগামীকাল ঢাকায় শিক্ষক সমাবেশ

সরকারী কলেজগুলো অশান্ত হয়ে উঠছে

স্টাফ রিপোর্টার : সিনিয়র শিক্ষকদের ওপর ছাত্রের কর্তৃত্ব প্রতিষ্ঠা করে শিক্ষা ক্যাডারে দীর্ঘ পদসমূহে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ করায় সারাদেশের সরকারী কলেজ-মাদ্রাসাসমূহ অশান্ত হয়ে উঠেছে। শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট ১৪০ জন প্রশাসন ক্যাডার কর্মকর্তাকে শিক্ষা অধিদপ্তর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (ন্যায়েম), ঊপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিজ্ঞান যাদুঘর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ইউনেস্কো কমিশন এবং অন্যান্য শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহে পদায়ন করে শিক্ষা ক্যাডার সদস্যদের পদোন্নতির সুযোগ সংকোচন, যেথা সূন্যকরণ এবং শিক্ষকদের মর্যাদা অবমূল্যায়ন করায়

বিসিএস সাধারণ শিক্ষা সমিতিভুক্ত কর্মকর্তা শিক্ষকরা প্রতিবাদমুখর হয়ে উঠেছেন। শিক্ষকদের বিভিন্ন সমস্যার শাণাপাশি নব্য সৃষ্টি এই সমস্যাটি নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রী, প্রতিমন্ত্রী, এমপি, পচিব ও সরকার দলীয় বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে আপ্যায়ন-আলোচনার পরও কোন সুরাহা না হওয়ার অবশেষে শিক্ষা ক্যাডার থেকে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের প্রত্যাহারের দাবীতে আগামীকাল (রবিবার) ঢাকায় শিক্ষা ভবন চত্বরে সারাদেশের সকল সরকারী কলেজ, মাদ্রাসা ও টিটি কলেজের শিক্ষক এবং সংশ্লিষ্ট অফিসসমূহে কর্মরত কর্মকর্তাদের এক সমাবেশ আহ্বান করা হয়েছে। এ সমাবেশ

৭-এর পৃঃ ১-এর কঃ দেখুন

কলেজগুলো অশান্ত ৮-এর পৃষ্ঠার পর

বেকে শিক্ষা ক্যাডার থেকে প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের হটাৎ আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর মোহাম্মদ কফিলউদ্দীন আহমদ ও মহাসচিব আই. কে. সেলিমউল্লাহ খোন্দকার কোন প্রকার বিসিক্রমিক প্রচারণা আমলে না এনে সকল শিক্ষক ও কর্মকর্তাকে আগামীকালের সমাবেশ সর্বভাষাভাবে সফল করার আহ্বান জানিয়েছেন। এদিকে জানা গেছে, এই সমাবেশ যাতে সফল না হতে পারে সেজন্য মন্ত্রণালয় থেকে বিভিন্ন কলেজের প্রিন্সিপালদের পাসানো হচ্ছে।